NSW GOVERNMENT

# স্কুল কমিউনিটি **চার্টার**

## Collaborative. Respectful. Communication.

## সহযোগিতামূলক। শ্রদ্ধাশীল। যোগাযোগ।

আমাদের শেখার পরিবেশ সহযোগিতামূলক, সহায়ক এবং সংযোগশীল করতে নিম্নোক্ত স্কুল কমিউনিটি চার্টার NSW পাবলিক স্কুলে পিতামাতা, তত্ত্বাবধায়ক, শিক্ষক এবং স্কুল কর্মীদের দায়বদ্ধতার রূপরেখা দেয়।

আমরা সম্মানের সাথে একে অপরের সঙ্গে আচরণ করি

আমরা সকল ছাত্র-ছাত্রী এবং কর্মীদের কল্যাণের প্রতি অগ্রাধিকার দেই

**অনিরাপদ আচরণ**
আমাদের স্কুলে গ্রহণযোগ্য নয়

আমরা স্কুলের সাথে একযোগে কাজ করি

### আমাদের স্কুলগুলো কি প্রদান করে

NSW পাবলিক স্কুলগুলো শিক্ষার্থী, স্কুল কর্মী এবং সমগ্র স্কুল সম্প্রদায়ের জন্য ইতিবাচক পরিবেশ তৈরি করতে কাজ করে যা কিনা ছাত্রছাত্রীদেরকে শিক্ষা গ্রহনে সমর্থন করে । প্রতিটি শিক্ষার্থীকে জানা, তাদেরকে মূল্যায়ন করা এবং তাদের যত্নাদি নিশ্চিত করার জন্য আমরা চেষ্টা করি।

যখন পিতামাতা এবং স্কুল একসাথে কাজ করে তখনই সর্বোত্তম শিক্ষা গ্রহন অর্জিত হয়।

স্কুল কমিউনিটি চার্টার NSW Department of Education কৌশলগত পরিকল্পনা 2018 – 2022-এর সাথে সামঞ্জস্য বজায় রাখে।



### ইতিবাচক পরিবেশ

এটা গুরুত্বপূর্ণ যে NSW -এর পাবলিক স্কুলগুলোতে যেন ইতিবাচক পরিবেশ বজায় থাকে এবং এর সাথে পিতামাতা ও অভিভাবককরা ছাত্র-ছাত্রীদের অগ্রগতি এবং স্কুলের ঘোষণার বিষয়ে অবগত থাকে।

পিতামাতা এবং তত্ত্বাবধায়করা আশা করতে পারেন যে:

- ছাত্র-ছাত্রীদের শিক্ষা গ্রহণে অংশীদারমূলকভাবে কাজ করার জন্য আমাদের স্কুলে স্বাগত জানানো হবে।
- স্কুল কর্মীদের কাছ থেকে যোগাযোগ সময়মত, ভদ্র এবং তথ্যপূর্ণ হবে।
- স্কুল কর্মীদের সঙ্গে পেশাদারী সম্পর্ক স্বচ্ছতা, সততা এবং পারস্পরিক সম্মাণের উপর ভিত্তি করে গড়ে উঠবে।
- তাদের সাথে ন্যায্য আচরণ করা হবে। বৈচিত্র্যকে সম্মান প্রদর্শনের মধ্য দিয়ে সহনশীলতা এবং বোধশক্তির প্রচার করা হয়।

**NSW-এর পাবলিক স্কুল সম্প্রদায়ের সকল সদস্যদের জন্য সম্মানজনক শিক্ষা গ্রহনের পরিবেশ নিশ্চিত করা।**




আমরা সহযোগীতামূলক শিক্ষার পরিবেশ তৈরি করি

আমরা সবাই এতে কোন না কোন ভূমিকা পালন করি

আমরা ছাত্র-ছাত্রীদের শিক্ষা গ্রহণে অংশীদারমূলকভাবে কাজ করি

## আমাদের স্কুলের সাথে যোগাযোগ



আমাদের স্কুল কর্মীরা যখন আপনাকে তাদের সম্পূর্ণ মনোযোগ দিতে পারবে তখন তারা  আপনার সাথে কথা বলার জন্য সময় বের করবে। অনুগ্রহ করে মনে রাখবেন যে আমাদের কর্মীরা যখন ক্লাসে থাকে বা অন্যান্য বিষয় নিয়ে ব্যস্ত থাকে তখন তারা আপনার প্রশ্নের উত্তর তৎক্ষণাৎভাবে নাও দিতে পারে।

লিখিত যোগাযোগ যেন যথাযথ, ন্যায্য এবং সহজে পড়তে পারা যায় তা আমাদের স্কুল এবং সমাজ নিশ্চিত করবে। আমরা আপনাকে আপনার স্কুলের সাথে সংযুক্ত থাকার জন্য এবং স্কুল সম্প্রদায়ের আসন্ন কর্মসূচীর সাথে হাল নাগাত থাকতে উপযুক্তভাবে ইমেইল এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করতে উৎসাহিত করি।

পিতামাতা, তত্ত্বাবধায়ক এবং শিক্ষার্থীদের জন্য তৈরিকৃত আমাদের নির্দেশিকা অভিযোগ প্রক্রিয়া সম্পর্কে দরকারী তথ্য সরবরাহ করে: https://education.nsw.gov.au/about-us/rights-and-accountability/complaints-compliments-and-suggestions/guide-for-parents-carers-and-students



## সম্মাণজনক যোগাযোগ একটি অধিকার

সকল কর্মক্ষেত্রে সম্মানিত বোধ করা মানুষের একটি অধিকার। অগ্রহণযোগ্য এবং আপত্তিকর আচরণ আমাদের স্কুল সম্প্রদায়ের মধ্যে কোন স্থান নেই।

আমাদের স্কুলের ছাত্র-ছাত্রী, কর্মী এবং সম্প্রদায়ের কল্যাণ নিশ্চিত করার জন্য, অগ্রহণযোগ্য আচরণ মোকাবেলার পদক্ষেপ নেওয়া হবে। যার মধ্যে রয়েছে স্কুল সম্প্রদায়ের সাথে যোগাযোগের সীমাবদ্ধতা বা আরও গুরুতর ক্ষেত্রে, NSW পুলিশকে জানানো হতে পারে।



### অগ্রহণযোগ্য আচরণের অন্তর্ভুক্ত থাকতে পারে তবে এতে সীমাবদ্ধ নয়:

- আক্রমণাত্মক বা আতঙ্কিত করা যেমন সহিংসতা, হুমকির অঙ্গভঙ্গি বা শারীরিক নৈকট্য।
- অশোভন বা ভয়ঙ্কর ভাষা, যার মধ্যে অন্তর্ভুক্ত অশ্লীল ব্যবহার, যৌনতাবাদী, বর্ণবাদী বা আপত্তিকর মন্তব্য করা বা  অভদ্র স্বরে আওয়াজ করা।
- মানুষের ধর্ম বা তার বিকলাঙ্গতার কারণে স্কুল সম্প্রদায়ের সদস্যদের সাথে ভিন্নভাবে আচরণ করা
- অনুপযুক্ত এবং সময় নষ্ট করার মত  যোগাযোগ।